

## ধানের চারা ধ্বসা (Seedling Damping Off)

**রোগের কারণ :** *Achlya spp* নামক ছত্রাকের আক্রমণে হয়ে থাকে।

**রোগের বিস্তার:** পানি ও মাটি (মাটিতে অবস্থানরত ছত্রাক পানির সাথে ভেসে বীজতলায় আক্রমণ করে)।

সাধারণত বোরো মৌসুমে বীজতলায় এ রোগটি দেখা যায়। এছাড়াও আবহাওয়া ঠান্ডা হলে, বীজ গজানোর সময় বীজতলা পানিতে ডুবে থাকলে এবং রোগ আসক্ত জাত হলে রোগের আক্রমণের মাত্রা বেড়ে যায়।

**রোগের লক্ষণ :**

- অঙ্কুরিত বীজ পঁচে যায় এবং তার চারপাশে খয়েরি রং এর তুলার মতো ছত্রাক লেগে থাকে।
- বীজ গজানোর পরও বীজে ছত্রাক লেগে থাকে।
- ধীরে ধীরে চারা ধ্বসে পড়ে ও মারা যায়।
- দূর থেকে বীজতলায় মরিচা পড়েছে বলে মনে হয়।



**ছবি :** ধানের চারা ধ্বসা

**দমন ব্যবস্থাপনা :**

- প্রতি কেজি বীজ ২-৩ গ্রাম কপার অক্সিক্লোরাইড জাতীয় ছত্রাকনাশক দ্বারা শোধন করে লাগানো।
- বীজ গজানোর সময় বীজতলা পানিতে ডুবিয়ে না রাখা।
- খুব ঠান্ডার সময় বীজ না বোনা।
- সম্ভব হলে বীজতলা পলিথিন শিট দিয়ে দিনে ঢেকে রাখা।

**আরও তথ্যের জন্য:**

পরিচালক উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। E-mail: [dppw@dae.gov.bd](mailto:dppw@dae.gov.bd)  
বিস্তারিত জানার জন্য আপনার নিকটস্থ উপসহকারী কৃষি অফিসার অথবা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।